ইত্তেফাক

তারিখ ২৪ DEC 2006
পৃষ্ঠা ১২ কলাম ১-৬

## জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

নং- বিজ্ঞ-৬৭০/০৫/৩০৩ তারিখ ঃ ২১/১২/২০০৬

# ২০০৭ শিক্ষাবর্ষের ৬ষ্ঠ থেকে ৯ম-১০ম শ্রেণীর পাঠ্যপুস্তক বাজারজাতকরণ সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

া ছাত্র-ছাত্রী, অভিভাবক, শিক্ষক-শিক্ষয়িত্রী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে ষ্ঠ থেকে ৯ম-১০ম শ্রেণীর পাঠ্যপুস্তক ২০০৭ শিক্ষাবর্ষের জন্য প্রকাশিত হতে যাচ্ছে স্তকগুলো নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী তিন পর্যায়ে বাজারজাত করা হবে।

১ম পর্যায়ে **২৬ ডিসেম্বর,** মঙ্গলবার ২০০৬ তারিখে ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণীর বাংলা ইংরেজি, অংক এবং ৯ম-১০ম শ্রেণীর বাংলা গদ্য, বাংলা কবিতা, ইংরেজি, মাধ্যমিব বীজগণিত ও মাধ্যমিক জ্যামিতিসহ মোট **১৪টি পুস্তক** বাজারজাত করা হবে।

২য় পর্যায়ে **১০ জানুয়ারি,** বুধবার ২০০৭ তারিখে ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণীর সামাজিব বিজ্ঞান, সাধারণ বিজ্ঞান, হিন্দু ধর্ম শিক্ষা, বাংলা ব্যাকরণ, বাংলা দ্রুত পঠন, ইংরেজি গ্রামার, ইংরেজি র‍্যাপিড রিডার, শারীরিক শিক্ষা এবং চারু ও কারুকলা এবং ৯ম-১০ম শ্রেণীর ইংরেজি গ্রামার, অর্থনীতি, পৌরনীতি, ব্যবসায় পরিচিতি, ইসলাম শিক্ষা, হিন্দু ধর্ম শিক্ষা, সামাজিক বিজ্ঞান, সাধারণ বিজ্ঞান, উচ্চতর বীজগণিত, উচ্চতর জ্যামিতি, উচ্চতর ব্যবহারিক গণিত ও গার্হস্থ্য অর্থনীতিসহ মোট **৩৮টি পুস্তক** বাজারজাত করা হবে।

৩য় পর্যায়ে **১৭ জানুয়ারি,** বুধবার ২০০৭ তারিখে ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণীর কৃষি শিক্ষা, ইসলাম শিক্ষা ও গার্হস্থ্য অর্থনীতি এবং ৯ম-১০ম শ্রেণীর পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীববিজ্ঞান, কৃষি শিক্ষা, বাণিজ্যিক ভূগোল, ব্যবসায় উদ্যোগ, বাংলা ব্যাকরণ, বাংলা সহপাঠ, ইতিহাস, মাধ্যমিক ভূগোল, হিসাব বিজ্ঞান ও কম্পিউটার শিক্ষা সহ মোট **২১টি পুস্তক** বাজারজাত করা হবে।

২০০৭ শিক্ষাবর্ষের ৬ষ্ঠ থেকে ৯ম-১০ম শ্রেণীর সকল পাঠ্যপুস্তকের কভারের ডিজাইন গত শিক্ষাবর্ষের ন্যায় অপরিবর্তিত থাকছে তবে ক্রমিক নং ১-এ বর্ণিত ১৪টি পাঠ্যপুস্তকের কভার ভিন্ন রংয়ে মুদ্রিত হচ্ছে। পাঠ্যপুস্তকের কভারের সম্মুখ ভাগের নিচে এবং পিছনে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের **মনোগ্রাম** এবং পিছনে **নীতিবাক্যসহ** '২০০৭ শিক্ষাবর্ষের জন্য প্রযোজ্য' কথাটি উল্লেখ থাকবে।

৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণী পর্যন্ত বাংলা ব্যাকরণ, বাংলা দ্রুত পঠন, ইংরেজি গ্রামার, ইংরেজি র‍্যাপিড রিডার ছাড়া অন্যান্য সকল পাঠ্যপুস্তকের ইনারের পরবর্তী ১ ফর্মা (৮ পৃষ্ঠা) **এনসিটিবি জলছাপযুক্ত** কর্ণফুলী ব্রাউন বেইজড হালকা ইয়েলো রঙের নিরাপত্তা কাগজে এবং ৯ম-১০ম শ্রেণীর সকল পাঠ্যপুস্তকের ইনারের পরবর্তী ১ ফর্মা (৮ পৃষ্ঠা) **এনসিটিবি জলছাপযুক্ত** কর্ণফুলী পিংক রংয়ের নিরাপত্তা কাগজে এবং ইনারসহ অন্যান্য ফর্মা **এনসিটিবি জলছাপযুক্ত** কর্ণফুলী সাদা কাগজে মুদ্রিত থাকবে।

৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণীর বাংলা ব্যাকরণ, বাংলা দ্রুত পঠন, ইংরেজি গ্রামার এবং ইংরেজি র‍্যাপিড রিডার পাঠ্যপুস্তক ২০০৭ শিক্ষাবর্ষে বোর্ড কর্তৃক নতুন ভাবে প্রকাশিত হচ্ছে। উল্লিখিত পাঠ্যপুস্তকগুলোর ইনারের পরবর্তী ১ ফর্মা (৮ পৃষ্ঠা) এনসিটিবি জলছাপযুক্ত ব্রাউন বেইসড পিংক কালার এর নিরাপত্তা কাগজে মুদ্রিত থাকবে। কভারের সম্মুখ ভাগের নিচে ও পিছনে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তকের মনোগ্রাম এবং পিছনে নীতিবাক্যসহ "২০০৭ শিক্ষাবর্ষের জন্য প্রযোজ্য" কথাটি উল্লেখ থাকবে।

অতএব, সংশ্লিষ্ট সকলকে ক্রমিক নং ৫ ও ৬-এ বর্ণিত নিরাপত্তা কাগজ ও প্রচ্ছদে বোর্ডের মনোগ্রাম যাচাই করে ক্রয় ও বিক্রয় করার জন্য অনুরোধ করা যাচ্ছে। **অবৈধভাবে নকল পাঠ্যপুস্তক মুদ্রণকারী ও বিক্রয়কারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।**

সদস্য (পাঠ্যপুস্তক)